অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নভেল করোনাভাইরাস ব্রিফিং-এ, ভাইরাসের বিস্তার রোধে গভর্নর কুউমো জরুরি অবস্থা জারি করেছেন

গভর্নর আরও 32টি ঘটনা নিশ্চিত করেছেন - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 76-এ উন্নীত করে

প্রাদুর্ভাবের সাথে সম্পর্কিত অবৈধ মূল্যবৃদ্ধির ব্যাপারে তদন্তের নির্দেশনা দিয়েছেন - ভোক্তাগণ সন্দেহজনক মূল্যবৃদ্ধির ব্যাপারে 1-800-697-1220-এ কল করে অভিযোগ করতে পারবেন

নভেল করোনাভাইরাস সম্পর্কিত এক ব্রিফিং চলাকালে, গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ জরুরি অবস্থা জারি করেছেন নিউ ইয়র্ককে আরও দ্রুত এবং কার্যকরভাবে ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণে সহায়তা করতে। গভর্নর আরও 32টি ঘটনা নিশ্চিত করেছেন, যা স্টেট জুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 76-এ উন্নীত করে।

অধিকন্তু, গভর্নর নিউ ইয়র্ক স্টেট অধিদপ্তরের স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগকে (New York State Department of State's Consumer Protection Division) নির্দেশ দিয়েছেন যে নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবের মাঝে ভোগ্য পণ্য যেমন গৃহস্থালির পরিচ্ছন্নতার রসদ ও হাতের জীবাণুনাশকের অনুপযোগী মূল্য বৃদ্ধির প্রতিবেদনগুলোর তদন্ত শুরু করার জন্য এবং শুরু করেছেন একটি টোল-মুক্ত হটলাইন - 1-800-697-1220 - নিউ ইয়র্কবাসীদের সন্দেহজনক দাম বৃদ্ধির অভিযোগ করার জন্য।

"যেহেতু আমরা প্রয়োজনীয় সর্বশেষ তথ্য সরবরাহ করে চলেছি এবং লোকেদের উন্মত্ততার পরিবর্তে সত্য ঘটনার উপরে প্রতিক্রিয়া জানাতে উৎসাহিত করছি, সেহেতু আমি আনুষ্ঠানিকভাবে জরুরি অবস্থা ঘোষণা করেছি যা আমাদের অতিরিক্ত পীড়িত স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোকে সাহায্য করার জন্য কিছু ক্ষমতা প্রদান করে," **গভর্নর কুওমো বলেন।** "স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলো যখন লোকেদের নিরীক্ষণ এবং পৃথকীকরণ চালিয়ে যাচ্ছে, ভাইরাসের ছড়িয়ে পরা রোধ করতে প্রয়োজনীয় সমস্ত সরঞ্জাম তাদের অরদান করতে আমাদের আরও ত্বরান্বিত ক্রয় চুক্তি রয়েছে। এরই মধ্যে আমরা অযাচিত মূল্যবৃদ্ধির সমস্যা ভণ্ডুল করে চলেছি যা একটি অসুবিধা হিসাবে অব্যাহত রয়েছে এবং আমি ব্যবসায়ীদের সচেতন করতে চাই যে আপনারা আপনাদের লাইসেন্স হারাতে পারেন কারণ আমরা এই বিষয়ে অত্যন্ত কঠোর।"

এই জরুরি অবস্থার ঘোষণা অনুমতি দেয়, অন্যান্য বিষয়সহ:

- পরিচ্ছন্নতার রসদ, হাতের জীবাণুনাশক এবং অন্যান্য প্রয়োজনীয় সংস্থানসমূহ দ্রুত সরবরাহ করা
- রোগ নির্ণয়ের জন্য ডাক্তার এবং নার্স ব্যতীত যোগ্য পেশাদারদের অনুমতি দেওয়া
- পরীক্ষার রসদ ও সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করা
- কর্মীদের দ্রুত নিযুক্ত করা
- গবেষণাগারের স্থানের দ্রুত ইজারা দেওয়া
- জরুরী চিকিৎসা সেবা কর্মীদের রোগীদের কেবল হাসপাতাল ছাড়া অন্য পৃথকীকরণের স্থানে পরিবহণের অনুমতি দেয়া
- অযাচিত মূল্যবৃদ্ধি এবং প্রয়োগের তদন্তের সুস্পষ্ট ভিত্তি সরবরাহ করা

আজ চিহ্নিত 32টি নতুন ঘটনা নিউ ইয়র্ক সিটি ও ওয়েস্টচেস্টার এবং সারাটোগা কাউন্টিতে অবস্থিত। মোট 76 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

ওয়েস্টচেস্টার: 57
নিউ ইয়র্ক সিটি: 11
নাসাউ: 4
রকল্যান্ড: 2
সারাটোগা: 2

এছাড়াও, ভোক্তা সুরক্ষা বিভাগ (Division of Consumer Protection) একটি অনলাইন ভোক্তা অভিযোগ ফর্মও তৈরি করেছে, যেখানে নিউ ইয়র্কবাসীরা সন্দেহজনক দাম নির্ধারণ বা পরিমাণের অনুপযুক্ত বিতরণ সম্পর্কে উদ্বেগ জানাতে পারবেন। অভিযোগ দায়ের করতে ইচ্ছুক গ্রাহকরা ভিজিট করতে পারেন https://www.dos.ny.gov/consumerprotication/।

সমস্ত বিশ্বাসযোগ্য অভিযোগ নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিসে প্রেরণ করা হবে।

গতকাল এক ব্রিফিং-এ, গভর্নর কুউমো ভ্রমণ বীমাদানকারী সংস্থাসমূহ এবং ভ্রমণ এজেন্টগণ নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং ব্যবসায়ীদের ভ্রমণ পরিকল্পনা করার সময় কভারেজ ক্রয়ের সুযোগ দেবে বলে ঘোষণা করেছিলেন যা তাদের করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) সম্পর্কিত কারণসমূহ সহ, যে কোনও কারণে ভ্রমণ বাতিল করার সুযোগ দেয়।

আর্থিক পরিষেবা অধিদপ্তর (Department of Financial Services, DFS) নির্দেশিকা জারি করেছে নিউ ইয়র্ক স্টেটে এই জাতীয় নীতিগুলো উপলভ্য নয় বলে DFS'র ভোক্তাদের অভিযোগ পাওয়ার পরে ভ্রমণ এজেন্ট এবং ভ্রমণ বীমাদানকারীদের এই ধরণের কভারেজ সরবরাহ করার এখতিয়ার দান

করে। এই নতুন পদক্ষেপটি নিউ ইয়র্কের ব্যবসা এবং বাসিন্দাদের আশ্বাস প্রদানের জন্য নকশা করা হয়েছে যারা পরিকল্পনা করতে চাইছেন এমন স্থানে ভ্রমণের যা COVID-19-এর কারণে ভ্রমণ উপদেশের বহির্ভূত।

ছয়টি বৈশ্বিক এবং জাতীয় বীমা সংস্থা ভ্রমণকারীদের "ক্যান্সেল ফর এনি রিজন" কভারেজ সরবরাহ করতে সম্মত হয়েছে, যার মধ্যে আছে: আলিয়াঞ্জ (Allianz), ন্যাশনওয়াইড (Nationwide), স্টার ইনডেমনিটি (Starr Indemnity), বার্কশায়ার (Berkshire), ক্রাম অ্যান্ড ফর্স্টার (Crum & Forster), এবং জুরিখ (Zurich)।

DFS নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ বীমাদানকারীদের তাদের নীতিগুলি কিনেছে এমন ব্যক্তি এবং ব্যবসায়ের কাছে সক্রিয়ভাবে যোগাযোগ করার জন্য নির্দেশনা দিয়েছিল কি অন্তর্ভূক্ত আছে তা জানানোর জন্য।

অনুলিপি পড়ুন DFS বীমা নির্দেশিকা পত্রের।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন